দুরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

## CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচারপত্র নং - ৫২/২০২৬ তারিখ: ০১/০৯/২০২৬ খ্রি.

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

## রাজস্ব সুরক্ষা ও পণ্যচালান দ্রুত খালাসের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের জরুরী নির্দেশনা

সম্মানিত সদস্যবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অখালাসকৃত ও নিলামযোগ্য পণ্যচালান দ্রুত খালাসের লক্ষ্যে নিলাম কার্যক্রম দ্রুত সম্পন্ন করা, একই পণ্যচালানের একাধিকবার কায়িক পরীক্ষা পরিহার করা, গোয়েন্দা তথ্যের ভিত্তিতে কায়িক পরীক্ষা পরিচালনার ক্ষেত্রে সংশ্লিষ্ট সকল সংস্থার মধ্যে সমন্বয় নিশ্চিত করে সময় ও ব্যয় সাশ্রয় করা, পণ্য ঘোষণা দাখিলের ক্ষেত্রে অপ্রয়োজনীয় কোনো দলিলাদি দাখিল না করা, অপ্রয়োজনে নথি ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করে সময়ক্ষেপণ না করা এবং শুল্কায়ন ও পণ্যচালান দ্রুত খালাসের ক্ষেত্রে অপ্রয়োজনীয় ধাপ পরিহার করার মাধ্যমে আমদানি-রপ্তানি কার্যক্রমে গতিশীলতা আনয়ন, ব্যবসাবান্ধব পরিবেশ সৃষ্টি এবং সর্বোপরি ব্যবসা পরিচালনার ব্যয় (Cost of doing business) কমানোর লক্ষ্যে দ্রুত ও কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশনের পক্ষ থেকে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান বরাবর জোর দাবী জানানো হয়।

এসোসিয়েশনের উত্থাপিত বিষয়সমূহের পরিপ্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ৩০/০৮/২০২৬ খ্রি. তারিখে নথি নং-০৮.০১.০০০০.০০০.০৫৩.০৪.০০১১.২৬/৩৮৩-এর মাধ্যমে "রাজস্ব সুরক্ষা ও পণ্যচালান দ্রুত খালাসের লক্ষ্যে কাস্টমস হাউস/স্টেশনসমূহে পরিপালনীয় জরুরী নির্দেশনা" বিষয়ে একটি আদেশ জারি করা হয়েছে। উক্ত আদেশটি সম্মানিত সদস্যদের অবগতি এবং প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে প্রচার করা হলো।

সম্মানিত সদস্যদের দৈনন্দিন সিএন্ডএফ কার্যক্রমে বাস্তবিক সমস্যাসমূহ যথাযথভাবে চিহ্নিত করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট উপস্থাপন এবং তা সমাধানে ধারাবাহিকভাবে কার্যকর উদ্যোগ গ্রহণের ক্ষেত্রে এটি এসোসিয়েশনের একটি দৃষ্টান্তমূলক সফলতা।

সদস্যদের স্বার্থ সংরক্ষণ, আমদানি-রপ্তানি কার্যক্রমকে আরও সহজ ও গতিশীল করা এবং কাস্টমস কার্যক্রমে অপ্রয়োজনীয় জটিলতা হ্রাসের লক্ষ্যে বর্তমান কার্যনির্বাহী পরিষদ বদ্ধপরিকর।

**মোঃ শওকত আলী**
সাধারণ সম্পাদক